দৈনিক ইত্তেফাক

DEC. 12 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক বৃত্তি পরীক্ষাঃ নানা স্থানে অনিয়ম

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ।। প্রাথমিক বৃত্তি পরীক্ষার দ্বিতীয় দিনে গত রোববার নবীনগর পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে মারিয়া বেগম (১০) নামে একজন পরীক্ষার্থীকে নকল করার অপরাধে বহিষ্কার করা হয়। নবীনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা বলদীবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রী মারিয়া বেগমকে নকলরত অবস্থায় বইসহ হাতেনাতে ধরে ফেলেন

## বরগুনা

বরগুনা (দক্ষিণ) ও আমতলী সংবাদদাতা জানান, আমতলী উপজেলার গোসখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী সালমা আক্তার রোল নং ম-২ ও আলনাহিয়ান রুমী রোল-১ এর পরিবর্তে অন্য দুজন প্রাথমিক বৃত্তি পরীক্ষা দেয়ায় তাদেরকে বহিষ্কার করা হয়েছে। এ ব্যাপারে শিক্ষা অফিসার কমিটির মাধ্যমে তদন্ত করবেন বলে জানান।

## পাথরঘাটা

বরগুনা (দক্ষিণ) ও পাথরঘাটা সংবাদদাতা জানান, পাথরঘাটা কেজি স্কুলের ১১ জন ছাত্র-ছাত্রী অন্যান্য স্কুলের নামে পরীক্ষায় অংশ গ্রহণ করেছে বলে শিক্ষকরা অভিযোগ করেছেন। বৃত্তি পরীক্ষায় প্রতিবছর এমনি অনিয়ম

(১২ পৃঃ দ্রঃ)

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা

(১১শ পৃঃ পর)

চলে আসছে।

## পাঁচবিবি

পাচবিবি (জয়পুরহাট) সংবাদদাতা জানান, পাঁচবিবি উপজেলায় শান্তিপূর্ণভাবে প্রাথমিক বৃত্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে।

উপজেলার ৫৮টি সরকারী, ২৬টি রেজিষ্টারী ও ৪টি কমিউনিটিসহ মোট ৮৮টি বিদ্যালয়ের প্রায় ৬ শত ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশ নিচ্ছে।

## তাড়াশ

৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষাতেও বহিরাগত পরীক্ষার্থীর ভীড় জমেছে তাড়াশ উপজেলা কেন্দ্রে বহিরাগত ৬ জনকে বহিষ্কার করা হলেও অন্তত আরও ২০ জন বহাল তবিয়তে পরীক্ষা দিয়েছে। জানা যায় এ কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিল ৭শ ৮৯ জন। এর মধ্যে অনুপস্থিত ছিল ১শ ৮৩ জন। অনুপস্থিতির মধ্যে বেসরকারী স্কুলের ছাত্র-ছাত্রীই বেশী বলে জানা গেছে।

বেশ কিছু স্কুল হতে তাড়াশ উপজেলার বাইরের ছাত্র-ছাত্রী বিভিন্ন স্কুল হতে নাম পাঠিয়ে বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। সলঙ্গা উচ্চবিদ্যালয়ের ৭ম শ্রেণীর ১ জন ছাত্র মাটিয়া মালিপাড়া প্রাথমিক বিদ্যালয় হতে বৃত্তি পরীক্ষার নাম দিয়ে বহাল তবিয়তে পরীক্ষা শেষ মুহূর্ত পর্যন্ত দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

## নান্দাইল

নান্দাইল (ময়মনসিংহ) থেকে সংবাদদাতা জানান, নান্দাইল উপজেলার ৯টি ইউনিয়নের ৬২টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রী এবার কোন উপবৃত্তির টাকা পাবে না। গত বছর এ ইউনিয়নগুলোর প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা ১৫%-এর কম বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণ করার কারণে উপবৃত্তির সুবিধা থেকে বঞ্চিত হয়েছে।